

শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট(হাইস্কুল)

মূল্যায়ন - ১

শ্রেণি---ষষ্ঠ

বিষয়---বাংলা

পূর্ণমান--৪০।

সময় - ১ঘন্টা১০মিনিট

১) সঠিক উত্তরটি বেছে লেখো - $১ \times ১৫ = ১৫$

- ১.১) বাঘছানার বাড়ি ছিল ক) সন্দেহখালি খ) সজনেখালি গ) গরুমারা ঘ) হাঁসখালি
- ১.২) ক্লাসে হাবু যে খাতা দেখে রচনা পাঠ করেছিল তা হল-ক) বাংলাখাতা খ) ইতিহাসখাতা গ) বীজগণিতখাতা ঘ) ভূগোল খাতা
- ১.৩) বন্যায় পিঁপড়েটি আশ্রয় নিয়েছিল- ক) গাছের ডালে খ) পাতার ওপর গ) উঁচু ডাঙায় ঘ) ঘাসের পাতার নীচে।
- ১.৪) দশানন শব্দটি - ক) জোড়বাঁধা সাধিত শব্দ খ) শব্দখণ্ড জুড়ে সাধিত শব্দ গ) মৌলিক শব্দ ঘ) সংকুচিত যৌগিক শব্দ।
- ১.৫) কুশল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ হলো- ক) নিপুণ খ) পারদর্শী গ) মঙ্গল ঘ) যে কুশ তুলতে পারে।
- ১.৬) এক ছটাক শব্দ টি - ক) ভগ্নাংশিক সংখ্যাশব্দ খ) গুণিতক সংখ্যাশব্দ গ) পূরণবাচক শব্দ ঘ) অনির্দেশক সংখ্যাবাচক শব্দ
- ১.৭) অধোমুখ শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হয় - ক) অধঃ+মুখ খ) অধ+মুখ গ) অধো+মুখ ঘ) অধোঃ+মুখ।
- ১.৮) মাছের আঁশ অর্থে সঠিক শব্দটি হলো - ক) শুক্ক খ) শূক্ক গ) শক্ক ঘ) সক্ক।
- ১.৯) সবুজ শব্দটি হলো - ক) মৌলিক শব্দ খ) সাধিত শব্দ গ) সংখ্যাবাচক শব্দ ঘ) পূরণবাচক শব্দ।
- ১.১০) জলবেষ্টিত ভূভাগ অর্থে সঠিক বানানটি হলো - ক) দ্বীপ খ) দীপ গ) দিপ ঘ) দ্বীপ।
- ১.১১) ভ্রাতুঃ+পুত্রী - সন্ধি করলে হয় - ক) ভ্রাতুস্পত্রী খ) ভ্রাতুশ্পুত্রী গ) ভ্রাতুপ্পুত্রী ঘ) ভ্রাতুঃপ্পুত্রী। ()
- ১.১২) রাজা পরীক্ষিত ছিলেন - ক) অর্জুনের পুত্র খ) অভিমন্যুর পুত্র গ) ভীমের পুত্র ঘ) সহদেবের পুত্র।
- ১.১৩) দেবরত হলেন - ক) দেবী গঙ্গার পুত্র খ) রানী সত্যবতীর পুত্র গ) রানী গান্ধারীর পুত্র ঘ) রানী অম্বালিকার পুত্র।
- ১.১৪) দ্রোণাচার্য অস্ত্রশিক্ষা করেছিলেন - ক) মহর্ষি কৃষ্ণদ্বৈপায়নের কাছে খ) ঋষি পরশুরামের কাছে গ) মহর্ষি অগ্নিবেশের কাছে ঘ) মহর্ষি কথের কাছে।
- ১.১৫) যুধিষ্ঠির কে রাজসূয় যজ্ঞ করার উপদেশ দিলেন - ক) ধৌম খ) কৃপাচার্য গ) নারদ ঘ) শ্রীকৃষ্ণ।

২) কমবেশি ২০ শব্দে উত্তর দাও - $১ \times ১০ = ১০$

- ২.১) কাঁকড়া ধরতে গিয়ে বাঘছানার কী অবস্থা হলো?
- ২.২) ঘাসফড়িংকে কবি কী কথা দিয়েছিলেন?
- ২.৩) আমিষাশী প্রাণিদের স্বভাব কেমন হয়?
- ২.৪) সংখ্যাবাচক শব্দ কাকে বলে?
- ২.৫) সংকুচিত যৌগিক শব্দের একটি উদাহরণ দাও।
- ২.৬) অর্থপার্থক্য দেখাও - নিতি/নীতি, শশাঙ্ক/সশঙ্ক।
- ২.৭) ধাতুর সংঙ্গে শব্দাংশ জুড়ে গঠিত হয় এমন একটি সাধিত শব্দের উদাহরণ দাও।
- ২.৮) একলব্য কীভাবে গুরুদক্ষিণা দিয়েছিলেন?

- ২.৯) ইন্দ্রপ্রস্থে প্রাসাদ নির্মাণের জন্য ময় দানব কী কী দ্রব্য সংগ্রহ করেছিলেন?
২.১০) শ্রীকৃষ্ণ কী ভাবে শিশুপালকে বধ করলেন?

৩) কমবেশি ৬০ শব্দে উত্তর দাও - ৩×৫=১৫.

- ৩.১) রিউবেন ক্যাস্ট্যাং কে? তিনি বারবার মৃত্যুর হাত থেকে কী ভাবে বেঁচে ফিরেছিলেন? ১+২
৩.২) হাবুর রচনা পাঠ শুনে সুধীরবাবু বিস্মিত হয়েছিলেন কেন? তাঁর কী ইচ্ছা হয়েছিল? ২+১
৩.৩) "পৃথিবী সবার হোক" - বক্তা কে? কোন্ প্রসঙ্গে সে এই কথা বলেছে? ১+২
৩.৪) কবি কল্পনার নৌকা যাত্রায় কী কী দৃশ্য দেখেছেন?
৩.৫) "আমার ঘরের দরজা এখন সবুজে সবুজ" - কেন কবির এই কথা মনে হয়েছে?